

নভেল করোনাভাইরাস  
রোগ

COVID-19



কোভিড-19 রোগ হয়েছে কিংবা হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে  
এমন মানুষদের সাথে কিভাবে যোগাযোগ করতে হবে?

- শ্রদ্ধাশীল, বিনম্র এবং সহানুভূতিসূচক ব্যবহার করুন এবং আঞ্চলিক ভাষায় অভিবাদন জানান
- মনে রাখবেন যাঁর অসুখ হয়েছে বা হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে তিনি এবং তাঁর সাথে আসা সঙ্গীরা সন্ত্রস্ত ও ভীত থাকতে পারেন
- সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হিসাবে যেটা আপনি করতে পারেন তা হল মনোযোগ সহকারে তাদের প্রশ্ন ও উদ্বেগের বিষয়ে শোনা
- যে কোন প্রশ্নের জবাব দিন এবং কোভিড-19 সম্পর্কে সঠিক তথ্য দিন
- আপনার কাছে সব প্রশ্নের উত্তর নাও থাকতে পারে: কোভিড-19 সম্পর্কে অনেক কিছুই অজানা আছে এবং সেটা মেনে নেওয়াটাই ঠিক
- সম্ভব হলে আপনার রোগীদের তথ্য সমন্বিত পুস্তিকা অথবা হ্যান্ড আউট পড়তে দিন
- পার্সোনাল প্রোটেক্টিভ ইকুইপমেন্ট (PPE) পরা থাকলে যাঁর অসুখ হয়েছে বা হয়েছে বলে সন্দেহ করা হচ্ছে তাকে ছুঁতে বাধা নেই
- রোগীদের কাছ থেকে সঠিক তথ্য সংগ্রহ করুন: তাঁদের নাম, ঠিকানা, ফোন নম্বর, জন্মতারিখ, ভ্রমণের ইতিহাস, উপসর্গের তালিকা ইত্যাদি
- কোভিড-19 সম্পর্কিত স্বাস্থ্য সেবা কেন্দ্রের পদ্ধতি যেমন পৃথকীকরণ, সীমায়িত দর্শনার্থী আর পরবর্তী ধাপগুলি বিষয়ে ব্যাখ্যা করুন
- যদি কোন ব্যক্তির শরীরে উপসর্গ দেখা যায়, তাহলে তাকে একটি মাস্ক দিন এবং মাস্ক কিভাবে পরতে হবে আর নিরাপদে কিভাবে খুলতে হবে সেটা দেখিয়ে দিন
- রোগী যদি শিশু হয় তাহলে তার সাথে থাকা পরিবারের সদস্য/ অভিভাবককে যথাযথ ভাবে PPE ব্যবহার করা শিখিয়ে দিতে হবে
- সম্ভব অনুযায়ী দর্শনার্থী ও পরিবারকে রোগী সম্পর্কে আপডেট দিন



স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের হেল্পলাইনে যোগাযোগ করুন:

**+91-11-23978046 & 1075**

সুরক্ষিত  
থাকুন!

করোনাভাইরাস থেকে  
নিরাপদ থাকুন!